

সিলেটে অনুষ্ঠিত হলো এয়ার এ্যাস্ট্রা'র বিজনেস পার্টনার মিট

- A Monitor Desk Report

Date: 04 May, 2024



ঢাকাঃ ২ মে সিলেটের রোজ ভিউ হোটেলে ড্রেড পার্টনারদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করে এয়ার এ্যাস্ট্রা।

‘এয়ার এ্যাস্ট্রা বিজনেস পার্টনার মিট’ শীর্ষক এই অনুষ্ঠানে সিলেটের বিভিন্ন ট্রাভেল এজেন্সির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও উপস্থিত ছিলেন এয়ার এ্যাস্ট্রার চিফ এক্সিকিউটিভ অফিসার ইমরান আসিফ, চিফ কমার্শিয়াল অফিসার সোহেল মাজিদসহ প্রতিষ্ঠানটির অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তব্য রাখাকালীন এয়ার এ্যাস্ট্রা'র সিইও ইমরান আসিফ বলেন, “সিলেট এয়ার এ্যাস্ট্রা'র জন্য বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের একটি গুরুত্বপূর্ণ গন্তব্য। বর্তমানে এই রুটে প্রতিদিন দুটি ফ্লাইট পরিচালনা করছে এয়ার এ্যাস্ট্রা, যাত্রী চাহিদা বৃদ্ধি পেলে খুব শিঘ্রই আরও ফ্লাইট যুক্ত করা হবে।”

সিলেটের পাশাপাশি ঢাকা থেকে চট্টগ্রাম ও কক্সবাজার রুটে যথাক্রমে চারটি ও সৈয়দপুর রুটে তিনটি ফ্লাইট প্রতিদিন পরিচালনা করছে এয়ার এ্যাস্ট্রা।

এয়ার এ্যাস্ট্রা যাত্রীদের জন্য ইন-ফ্লাইট ম্যাগাজিন ও শিশুদের জন্য ফানবুক প্রদান করে থাকে।

যাত্রীগণ ফ্লাইট টিকিট এয়ার এ্যাস্ট্রা'র ওয়েবসাইট, মোবাইল অ্যাপস, সেলস অফিস, অনলাইন ও অফলাইন ট্রাভেল এজেন্সি থেকে ক্রয় করতে পারবেন।

এয়ার এ্যাস্ট্রা'র বহরে বর্তমানে তিনটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির টার্বোপ্রপ এয়ারক্রাফট। এটি ৭০ জন যাত্রী বহন করতে সক্ষম।

খুব শিঘ্রই আন্তর্জাতিক বুটেও ডানা মেলবে এয়ার এ্যাস্ট্রা, জানান বিমানসংস্থটির সিইও ইমরান আসিফ।

T